ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩০ বর্ষ ৭ম সংখ্যা | ২ বৈশাখ ১৪২৩, ১৫ এপ্রিল ২০১৬

XvKv wekwe`¨vjq AvšRwZK m¤úK wefv‡Mi D‡`¨v‡M "Our Common Struggle Against Violent Extremism" kxlK GK we‡kl Rbe³Zv MZ 30 gvP 2016 mvgvwRK weÁvb fe‡bi ‡gvRvddi Avn‡g` †PŠaix wgjbvqZ‡b AbyôZ n‡q‡Q| h³iv‡ói RbwbivcËv, MYZš I gvbevwaKvi welqK Avÿvi †m‡µUvwi W. mvivn †mIqvj Rbe³Zv c`vb K‡ib| Qwe‡Z gwKb AvÛvi †m‡µUwi‡K wekwe`¨vjq †µ± c`vb Ki‡Qb DcvPvh Aa¨vcK W. Av Av g m Av‡iwdb wmwÏK|

মার্কিন আন্ডার সেক্রেটারির বিশেষ জনবক্তৃতা

সন্ত্রাস ও জঙ্গীবাদের বিরুদ্ধে বাংলাদেশ সরকারের অবস্থান প্রশংসনীয়-সেওয়াল

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের উদ্যোগে "Our Common Struggle Against Violent Extremism" শীর্ষক এক বিশেষ জনবক্তৃতা গত ৩০ মার্চ ২০১৬ সামাজিক বিজ্ঞান ভবনের মোজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। যুক্তরাষ্ট্রের জননিরাপত্তা, গণতন্ত্র ও মানবাধিকার বিষয়ক আন্ডার সেক্রেটারি ড. সারাহ সেওয়াল এই জনবক্তৃতা প্রদান করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শা স্টিফেন্স ব্লুম বার্নিকাট এবং ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের চেয়ারম্যান অধ্যাপক এহসানুল হক বক্তৃতা করেন।

যুক্তরাষ্ট্রের আন্ডার সেক্রেটারি ড. সারাহ সেওয়াল বিশ্বে চলমান সন্ত্রাস, জঙ্গীবাদ ও সহিংসতার বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বিশ্বের নানা প্রান্তে মানুষ সন্ত্রাস ও সহিংসতায় আক্রান্ত হচ্ছে। এ অবস্থা থেকে উত্তরণ ঘটাতে সম্মিলিতভাবে কাজ করার জন্য তিনি স্থানীয় ও কেন্দ্রীয় প্রশাসন, গণমাধ্যম, তরুণ নেতৃত্ব, গবেষক, পেশাজীবীসহ সকলের প্রতি আহ্বান জানান। এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টিতে ঢাকা বিশ্ববিদ্যালয় মুখ্য ভূমিকা পালন করতে পারে বলে তিনি মন্তব্য করেন। মার্কিন আন্ডার সেক্রেটারি সন্ত্রাস ও জঙ্গীবাদের বিরুদ্ধে বাংলাদেশ সরকারের অবস্থানের ভূয়সী প্রশংসা করেন। সন্ত্রাসের বিরুদ্ধে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র যৌথভাবে কাজ করে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, গণতন্ত্র, শান্তি, সমতা, উদারতা, মানবাধিকার, দারিদ্র বিমোচন, অসাম্প্রদায়িকতা, বৈজ্ঞানিক উন্নয়ন, সাংস্কৃতিক সমৃদ্ধিসহ মানবতার সার্বিক উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কাজ করে যাচ্ছে। তিনি সন্ত্রাস, জঙ্গীবাদ, মৌলবাদ, সহিংসতা ও গোঁড়ামিমুক্ত বিশ্ব গড়ে তুলতে যুক্তরাষ্ট্রের সঙ্গে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। বিশ্ব মানবাধিকার প্রতিষ্ঠা ও গণতন্ত্র উন্নয়নে অব্যাহত অবদানের জন্য তিনি মার্কিন আন্ডার সেক্রেটারি ড. সারাহ সেওয়ালকে আন্তরিক ধন্যবাদ জানান।

MZ 2 Gwcj 2016 XvKv wekwe`¨vjq beve bIqve Avjx †PŠaix wm‡bU fe‡b evsjv‡`k AvBb Kwgk‡bi m`m¨ Aa¨vcK Gg kvn Avjg-Gi ÔevsjV‡`‡k AvB‡bi ms¯‹vi I AvBb KwgkbÕ Ges ÔSelected Writings on International Law, Constitutional Law and Human RightsÕ kxlK `ywU eB‡qi †gvoK D‡b¥vPb Kiv nq| evsjv‡`k gvbevwaKvi Kwgk‡bi †Pqvig¨vb Aa¨vcK wgRvbi ingv‡bi mfvcwZ‡Z AbwôZ G‡Z cavb AwZw_ wn‡m‡e Dcw¯'Z wQ‡jb cavb wePvicwZ Gm †K wmbnv| we‡kl AwZw_ wQ‡jb evsjv‡`k gÄix Kwgk‡bi †Pqvig¨vb Aa¨vcK Ave`j gvbvb Ges XvKv wekwe`¨vj‡qi DcvPvh Aa¨vcK W. Av Av g m Av‡iwdb wmwÏK| Qwe‡Z AwZw_‡`i eB‡qi †gvoK D‡b¥vPb Ki‡Z †`Lv hv‡"Q|

মানুষের মনের বিকলাঙ্গতা দূর করতে হবে-উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সুস্থ সমাজ গঠনের লক্ষ্যে মানুষের মনের বিকলাঙ্গতা দূর করার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, জীবনে সফলতা অর্জনের ক্ষেত্রে শারীরিক প্রতিবন্ধীত্ব কোন বাধা নয়। ঢাকা বিশ্ববিদ্যালয় যোগাযোগ বৈকল্য বিভাগের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে গত ২ এপ্রিল ২০১৬ সিরাজুল ইসলাম লেকচার হলে এক সেমিনারে উপাচার্য প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক হাকিম আরিফের সভাপতিত্বে অনুষ্ঠানে 'অটিজম: বাংলাদেশ চিত্র' শীর্ষক বক্তৃতা প্রদান করেন জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক ডা. হেলাল উদ্দীন আহমেদ। ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম ও বিএসএমএমইউ-এর মনোরোগ বিভাগের অধ্যাপক ডা. মোহাম্মদ এস আই মল্লিক বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, প্রত্যেক মানুষের মধ্যেই অপার সম্ভাবনা রয়েছে। যথাযথ পরিচর্যার মাধ্যমে এসব সম্ভাবনা বিকাশের সুযোগ দিতে হবে। স্টেফেন হকিন্স, আলবার্ট আইনস্টাইনসহ বিশ্বের কতিপয় বিখ্যাত ব্যক্তির উদাহরণ তুলে ধরে উপাচার্য বলেন, শারীরিক প্রতিবন্ধীত্ব তাদের সফলতার পথে কোন বিঘ্ন ঘটাতে পারেনি। সমাজের মূল ধারায় প্রতিবন্ধীদের সম্পৃক্ত করতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগাযোগ বৈকল্য বিভাগ প্রতিষ্ঠা করা হয়েছে উল্লেখ করে উপাচার্য বলেন, অটিজম বিষয়ক প্রশিক্ষিত জনবল সৃষ্টি এবং যোগাযোগ বৈকল্যে আক্রান্তদের জীবনমান উন্নয়নে এই বিভাগ অগ্রণী ভূমিকা পালন করবে।

উল্লেখ্য, অটিজম সচেতনতা দিবস-২০১৬ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় যোগাযোগ বৈকল্য বিভাগের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ক্যাম্পাসে দিনব্যাপী কর্মসূচী গ্রহণ করা হয়। এসব কর্মসূচীর মধ্যে ছিল র‌্যালি, শিশু ও বয়স্কদের ভাষা ও বাচন সমস্যা শনাক্তকরণ কার্যক্রম, পোস্টার প্রদর্শনী এবং সেমিনার। সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন সিরাজুল ইসলাম লেকচার হলে ভাষা ও বাচন সমস্যা শনাক্তকরণ কার্যক্রমের উদ্বোধন করেন।

কৃষি সাংবাদিকতা শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন

আধুনিক কৃষি ব্যবস্থা গড়ে তুলতে কৃষি সাংবাদিকতা শীর্ষক গ্রন্থটি কার্যকর ভূমিকা রাখবে - উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের উদ্যোগে 'কৃষি সাংবাদিকতা' শীর্ষক গ্রন্থের নতুন সংস্করনের প্রকাশনা উৎসব গত ২৭ মার্চ ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এমপি প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে গ্রন্থের মোড়ক উন্মোচন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মো: গোলাম রহমান বিশেষ অতিথি এবং বক্তৃতা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া অনুষ্ঠান সঞ্চালন করেন।

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এমপি খাদ্য নিরাপত্তা, পুষ্টিমান নিশ্চিত এবং মাটির উর্বরতা রক্ষা করাকে দেশের কৃষি খাতের বড় চ্যালেঞ্জ হিসাবে বর্ণনা করে বলেন, কার্যকর কৃষি সাংবাদিকতার মাধ্যমে এই চ্যালেঞ্জ মোকাবেলা করতে হবে। এ ক্ষেত্রে কৃষি সাংবাদিকতা শীর্ষক গ্রন্থটি সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. সাখাওয়াত আলী খান মূল আলোচক হিসাবে বক্তব্য রাখেন। এছাড়া, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. মো: শহীদুর রশীদ ভূঁইয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমান, দৈনিক সমকালের সম্পাদকীয় বিভাগের প্রধান অজয় দাশগুপ্ত এবং ক্যাটালিস্টের ম্যানেজার আবু সাইফ আনসারী

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, মুক্তিযোদ্ধাদের একটি বড় অংশ ছিলেন কৃষক। দেশের খাদ্য চাহিদা মেটাতেও তারা অনন্য অবদান রেখে যাচ্ছেন। আধুনিক কৃষি ব্যবস্থা গড়ে তুলতে কৃষি সাংবাদিকতা শীর্ষক গ্রন্থটি কার্যকর ভূমিকা রাখবে এবং কৃষি সাংবাদিকতা বিষয়ক কোর্স পঠন-পাঠনেও এটি 'কম্প্রিহেনসিভ টেক্সট বুক' হিসাবে ব্যবহৃত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

জলবায়ুর পরিবর্তন এবং লবণাক্ততা দূরীকরণ শীর্ষক আন্তর্জাতিক কর্মশালা

মেমব্রেন প্রযুক্তির মাধ্যমে জলবায়ু পরিবর্তনের ক্ষয়-ক্ষতি মোকাবেলা সম্ভব- উপাচার্য

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়ন প্রকল্পের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের উদ্যোগে গত ৫ এপ্রিল ২০১৬ বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস মিলনায়তনে "জলবায়ু পরিবর্তন এবং মেমব্রেন প্রযুক্তির মাধ্যমে লবণাক্ততা দূরীকরণ" শীর্ষক দুই দিনব্যাপী একটি আন্তর্জাতিক কর্মশালার উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়ন প্রকল্পের পরিচালক ও অতিরিক্ত সচিব ড. গৌরাঙ্গ চন্দ্র মোহান্তা। এছাড়া, মেমব্রেন প্রযুক্তি বিষয়ে বক্তব্য রাখেন ইতালির কালাব্রিয়া বিশ্ববিদ্যালয়ের (Calabria University) মেমব্রেন টেকনোলজি ইনস্টিটিউটের শিক্ষক ড. আলবার্টো ফিগোলি (Alberto Figoli), বাংলাদেশে মেমব্রেন প্রযুক্তির ভবিষ্যত বিষয়ে বক্তব্য রাখেন জার্মানীর কার্লসরুহি বিশ্ববিদ্যালয়ের (Karlsruhe University) ফলিত বিজ্ঞান গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. ইং জান হয়েনকিস (Ing Jan Hoinkis) এবং ধন্যবাদ জ্ঞাপন করেন অধ্যাপক ড. অজয় কুমার দাস।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব আমরা প্রতিদিন প্রত্যক্ষ করছি। জলবায়ু পরিবর্তনের ফলে আমাদের জীবন, ধন-সম্পদ, আর্থ-সামাজিক নিরাপত্তা এবং দারিদ্র বিমোচন প্রচেষ্টা ব্যাহত হচ্ছে। মেমব্রেন প্রযুক্তি হচ্ছে দ্রুত বিকাশমান একটি প্রযুক্তি। এই প্রযুক্তি প্রয়োগের ফলে জলবায়ু পরিবর্তনের ক্ষয়-ক্ষতি মোকাবেলা সম্ভব বলে উপাচার্য উল্লেখ করেন।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক এই আন্তর্জাতিক

কর্মশালা আয়োজনের জন্য ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ এবং অংশগ্রহণকারী শিক্ষক ও গবেষকদের আন্তরিক ধন্যবাদ জানান।

উল্লেখ্য, দেশ-বিদেশের ৭০জন শিক্ষক ও গবেষক এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় যোগাযোগ বৈকল্য বিভাগের (কমিউনিকেশন ডিজঅর্ডারস বিভাগ) প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে গত ২ এপ্রিল ২০১৬ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিনব্যাপী কর্মসূচীর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এ উপলক্ষ্যে উপাচার্যের নেতৃত্বে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন প্রাঙ্গণ থেকে অটিজম সচেতনতা দিবস-২০১৬ ও প্রতিষ্ঠাবার্ষিকী র‌্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এ সময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগে গত ৩ এপ্রিল ২০১৬ "সেন্টার ফর বায়োইনফরমেটিক্স লার্নিং অ্যাডভান্সমেন্ট এন্ড সিস্টেমেটিক্স ট্রেনিং" (সিব্লাস্ট)-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। পরে উপাচার্য এই সেন্টারে একটি নতুন অত্যাধুনিক ল্যাব উদ্বোধন করেন। এসময় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. সায়েদুল ইসলাম এবং সেন্টারের পরিচালক অধ্যাপক ড. জেবা ইসলাম সেরাজ উপস্থিত ছিলেন।

ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ঢাকা বিশ্ববিদ্যালয়কে একটি নতুন মাইক্রোবাস হস্তান্তর করেছে। গত ৪ এপ্রিল ২০১৬ এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নিকট আইসিবি'র চেয়ারম্যান অধ্যাপক ড. মজিব উদ্দিন আহমেদ গাড়িটি হস্তান্তর করেন। এসময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, আইসিবি'র ব্যবস্থাপনা পরিচালক মো: ইফতেখার উজ জামান, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মো: বাহালুল হক চৌধুরীসহ বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৬তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় পেশাজীবী লীগের উদ্যোগে গত ১৭ মার্চ ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তাঁর বাসভবনে কেক কেটে জন্মদিন পালন করেন। এসময় উপস্থিত ছিলেন ঢাবি পেশাজীবী লীগের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা জাফর উল্লাহ, সদস্য সচিব জনাব মো. মোজাম্মেল হক, ঢাবি অফিসার্স এসাসিয়েশনের সভাপতি সৈয়দ আলী আকবর, সাধারণ সম্পাদক জনাব রমিজ উদ্দিন, ২১নং ওয়ার্ড সিটি কর্পোরেশন (দক্ষিণ)-এর ওয়ার্ড কমিশনার জনাব এ্যাডভোকেট এম এ হামিদ প্রমুখ।

গত ২ এপ্রিল ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে 'হোমিও পেশাজীবী সমিতি (হোপেস) বাংলাদেশ কেন্দ্রীয় কমিটির ৩৫তম প্রতিষ্ঠা বার্ষিকী'র উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠান গত ২৩ মার্চ ২০১৬ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবদুস সবুর খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন ঢাকাস্থ ইরান দূতাবাসের রাষ্ট্রদূত ড. আব্বাস ভায়েজি দেহনাভি, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং ঢাকাস্থ ইরান সাংস্কৃতিক কেন্দ্রের কালচারাল কাউন্সেলর সাইয়্যেদ মূসা হুসাইনী।

ঢাবি-এ সিবাস্ট উদ্বোধন

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগে গত ৩ এপ্রিল ২০১৬ "সেন্টার ফর বায়োইনফরমেটিক্স লার্নিং অ্যাডভান্সমেন্ট এন্ড সিস্টেমেটিক্স ট্রেনিং" (সিব্লাস্ট)-এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সেন্টারের উদ্বোধন করেন।

প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. সায়েদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা রাখেন জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং সেন্টারের পরিচালক অধ্যাপক ড. জেবা ইসলাম সেরাজ।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, জ্ঞান-বিজ্ঞানকে আরও এগিয়ে নেওয়ার ক্ষেত্রে "সেন্টার ফর বায়োইনফরমেটিক্স লার্নিং অ্যাডভান্সমেন্ট এন্ড সিস্টেমেটিক্স ট্রেনিং" (সিব্লাস্ট)-এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিসীম। তথ্য-উপাত্তের মাধ্যমে সত্যের গভীরতম স্থানে পৌছানো যায়। তথ্য ব্যাংক, বীমা, ব্যবসা-বাণিজ্য তথা সমাজ পরিচালনা করে। তথ্য-প্রযুক্তি আমাদের সকল কাজ সহজ করে দিয়েছে। বিজ্ঞানের গবেষণাক্ষেত্রে এই সিব্লাস্ট যুগান্তকারী ভূমিকা রাখবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

পরে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই সেন্টারে একটি নতুন অত্যাধুনিক ল্যাব উদ্বোধন করেন।

শিশু নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে-উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক পরিবার, স্কুল, খেলার মাঠসহ সর্বত্র শিশুদের নিরাপত্তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, শিশু নির্যাতনের সঙ্গে জড়িতদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে। গত ৩১ মার্চ ২০১৬ আর সি মজুমদার আর্টস মিলনায়তনে কমিউনিকেশনস অ্যান্ড রিসার্চ (CORE) আয়োজিত 'সাম্প্রতিক শিশু হত্যা ও সামাজিক অস্থিরতা প্রতিরোধে গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক তৌহিদুল হকের সভাপতিত্বে সেমিনারে টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। একাত্তর টিভির ডিরেক্টর অব নিউজ সৈয়দ ইশতিয়াক রেজা, সেভ দ্যা চিলড্রেন-এর চাইল্ড প্রটেকশন শাখার পরিচালক লায়লা খন্দকার ও ইনডিপেন্ডেন্ট টিভির এ্যাসাইনমেন্ট এডিটর সুলতানা রহমান আলোচনায় অংশ নেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সাম্প্রতিক শিশু নির্যাতনের নানান চিত্র তুলে ধরে বলেন, পিতা-মাতা বা শিক্ষকের হাতেও শিশু নির্যাতনের ঘটনা ঘটছে, যা কোনভাবেই মেনে নেওয়া যায় না। শিশু নির্যাতনের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, শিশু সুরক্ষা নিশ্চিত করতে পেশাজীবী, গণমাধ্যম কর্মীসহ সমাজের সকলকে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালন করতে হবে। তিনি বলেন, প্রাথমিক স্তরেই শিশুদের নৈতিকতা, দেশাত্মবোধ, পারিবারিক বন্ধন ও মমত্ববোধের শিক্ষা প্রদান করতে হবে।

উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রে সেমিনার

উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্র ও প্রান্তিক সংস্কৃতির যৌথ উদ্যোগে গত ১৩ মার্চ ২০১৬ বিশ্ববিদ্যালয় লেকচার থিয়েটারে এক সেমিনার অনুষ্ঠিত হয়। কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. সাদেকা হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে 'পশ্চিমবঙ্গের সাম্প্রতিক রাজনীতি' শীর্ষক বক্তব্য উপস্থাপন করেন ভারতের কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক প্রতীপ চট্টোপাধ্যায়। এতে আলোচনায় অংশগ্রহণ করেন ঢাবি ইতিহাস বিভাগের অধ্যাপক মেসবাহ কামাল এবং দৈনিক প্রথম আলো পত্রিকার যুগ্ম সম্পাদক সোহরাব হাসান।

অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান স্মারক বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয় উন্নয়ন অধ্যয়ন বিভাগ এবং অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে 'অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান স্মারক বক্তৃতা ও বৃত্তি প্রদান' অনুষ্ঠান গত ২৮ মার্চ ২০১৬ সামাজিক বিজ্ঞান ভবনের মোজাফ্ফর আহমদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রাক্তন চেয়ারম্যান এবং ঢাকা বিশ্ববিদ্যালয় লোক প্রশাসন বিভাগের প্রয়াত অধ্যাপক ড. মোহাম্মদ আসাদুজ্জামান স্মরণে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান ফাউন্ডেশনের সভাপতি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের এমিরিটাস অধ্যাপক ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের সচিব মো: মোশাররফ হোসেন ভূঁইয়া। পালি ও বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. সুকোমল বড়ুয়া মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ধন্যবাদ জ্ঞাপন করেন প্রয়াত অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামানের সহধর্মিণী মিসেস ফাতেমা জামান। এ সময় উন্নয়ন অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রয়াত অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি ছিলেন সৎ, উদার, দায়িত্ববান, আদর্শ শিক্ষক ও গবেষক। মানবতার কল্যাণে তিনি সার্বক্ষণিক কাজ করে গেছেন। একজন কৃতী শিক্ষক হিসাবে তিনি সকলের প্রিয়ভাজন ছিলেন। ঐক্য, সহনশীলতা ও সহমর্মিতা ধারণ করার ক্ষেত্রে সমাজে তাঁর দৃষ্টান্ত বিরল। তিনি ছিলেন একজন পূর্ণাঙ্গ ভাল মানুষ। রাজনৈতিক বিভাজনের মাঝে থেকেও তিনি সর্বদা ঐক্যের জন্য কাজ করে গেছেন। জীবনের কোন ক্ষেত্রে তিনি সংকীর্ণতাকে প্রশ্রয় দেননি। বর্তমানে তাঁর মত ভাল মানুষের বড় প্রয়োজন। উপাচার্য বলেন, তিনি তাঁর কর্মের মধ্যেই চিরস্মরণীয় হয়ে থাকবেন। অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামানের আদর্শ অনুসরণের মাধ্যমে নিজেদের মানসিক উন্নয়ন ঘটানোর জন্য তিনি সকলের প্রতি আহবান জানান।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের ৮জন শিক্ষার্থীকে 'অধ্যাপক মো: আসাদুজ্জামান ফাউন্ডেশন' বৃত্তি প্রদান করা হয়।

উল্লেখ্য, অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান ১৯৪৮ সালের ১ নভেম্বর নরসিংদী জেলায় জন্মগ্রহণ করেন। ২০০৮ সালের ২৮ মার্চ তিনি ইন্তেকাল করেন।

'ভূগোল ও পরিবেশ বিভাগ এ্যালামনাই সমিতি'র ১১ লক্ষ টাকার অনুদান প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের ১০জন শিক্ষার্থীকে মেধা বৃত্তি প্রদানের লক্ষ্যে ট্রাস্ট ফান্ড গঠনের জন্য 'ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগ এলুমনাই সমিতি' ১১ লক্ষ টাকা বিশ্ববিদ্যালয়কে প্রদান করেছে। গত ৩ এপ্রিল ২০১৬ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে অনুদানের এই চেক বিভাগের এলুমনাই সমিতির পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করা হয়। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক হাফিজা খাতুন, এলুমনাই সমিতির সভাপতি এ কে বি দ্বীন মোহম্মদ খান, সহ-সভাপতি খন্দকার আব্দুল হাফিজ, সাধারণ সম্পাদক আব্দুল সালেক, কোষাধ্যক্ষ মোহাম্মদ আশরাফ আলী আকন্দ, যুগ্ম সম্পাদক ও বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের সহযোগী অধ্যাপক নাজমুন নাহার, সদস্য মির্জা গোলাম হোসেন, মেজবাহুর রহমান টিপু ও শরিফা সুলতানা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ভূগোল ও পরিবেশ বিভাগের মেধাবী শিক্ষার্থীদের জন্যে ট্রাস্ট ফান্ড গঠনের উদ্দেশ্যে অনুদান প্রদানের জন্য ভূগোল ও পরিবেশ বিভাগ এলুমনাই সমিতিকে ধন্যবাদ জানিয়ে বলেন, এতে শিক্ষার্থীরা তাদের মেধা বিকাশে উৎসাহিত হবে এবং লেখাপড়ায় আরও মনোযোগী হবে। এই অনুদান বিভাগের শিক্ষা কার্যক্রমকে আরও গতিশীল করবে বলেও তিনি আশা প্রকাশ করেন। তিনি বিভাগের অবকাঠামো উন্নয়নে অবদান রাখার জন্য অ্যালামনাইদের প্রতি আহ্বান জানান।

গত ২২ মার্চ ২০১৬ উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের 'বার্ষিক পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক' অনুষ্ঠান বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয়ের অধ্যক্ষ ড. উম্মে সালেমা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ড. মাহবুব আহসান খান। এছাড়া অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিদ্যালয়ের গভর্নিং বোর্ডের শিক্ষক প্রতিনিধি মোহাম্মদ আরিফুর রহমান ও লায়লা নূর বেগম।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

রাশিয়ার রাষ্ট্রদূত

নিউক্লিয়ার শিক্ষার জন্য রাশিয়া সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বাংলাদেশের ২০জন শিক্ষার্থীকে প্রতি বছর সে দেশে উচ্চশিক্ষা বৃত্তি প্রদান করবে। বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেকজান্ডার ইগনাতভ ৪ সদস্যের প্রতিনিধিদলকে সঙ্গে নিয়ে গত ৩ এপ্রিল ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎকালে এই তথ্য জানান। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন রাশিয়ার রোসাটম একাডেমির প্রকল্প প্রধান এলেক্সি ডি পনোমারেনকো এবং ঢাকাস্থ রাশিয়ান সেন্টার অব সায়েন্স এন্ড কালচার এর পরিচালক আলেকজান্ডার পি. ডেমিন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. রফিকুল ইসলাম, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. খোরশেদ আহমেদ কবির এবং সহযোগী অধ্যাপক ড. মো: শফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাশিয়ার বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যৌথ মাস্টার্স ডিগ্রি চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের তরুণ শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য রাশিয়ায় স্বল্প-মেয়াদী প্রশিক্ষণ কর্মসূচী চালুর সম্ভাব্যতা নিয়েও আলোচনা করা হয়। এছাড়া, ঢাকাস্থ রাশিয়া দূতাবাসের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে সেমিনার ও কর্মশালা আয়োজনের ব্যাপারে মতবিনিময় করা হয়।

এআইবিএস-এর সিনিয়র ফেলো

আমেরিকান ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ (এআইবিএস)-এর সিনিয়র ফেলো মিখাইল বোলার গত ৩ এপ্রিল ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করেছেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. এ এস এম আতীকুর রহমান এবং এআইবিএস-এর আবাসিক ফেলো সুদীপ্ত রায় উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং এআইবিএস-এর মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন।

চীনা লেখক এবং নেপালের রাষ্ট্রদূত

চীনের বিশিষ্ট দার্শনিক ও লেখক দেশ সুবা এবং বাংলাদেশে নিযুক্ত নেপালের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত সুশীল কুমার লমসাল গত ২ এপ্রিল ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় অন্যদের মধ্যে ভাষা আন্দোলন গবেষণা কেন্দ্র ও জাদুঘরের নির্বাহী পরিচালক এম আর মাহবুব উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে 'ভীতিবাদ' বিষয়ক যৌথ গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এছাড়া, মত প্রকাশের স্বাধীনতা, শিশু হত্যাসহ নানা সামাজিক ইস্যু নিয়ে আলোচনা করা হয়। মানুষের পারস্পরিক যোগাযোগের মাধ্যমে প্রতিবেশী দেশসমূহের মধ্যে সৌহার্দপূর্ণ সম্পর্ক বৃদ্ধির ওপর তারা গুরুত্বারোপ করেন। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

উল্লেখ্য, চীনা দার্শনিক ও লেখক দেশ সুবা গত ৩ এপ্রিল ২০১৬ রবিবার বিকাল ৫টায় সিরডাপ মিলনায়তনে 'Philosophy of Fearism' শীর্ষক বক্তৃতা প্রদান করেন। ঢাকাস্থ নেপালের দূতাবাস এবং ঐক্য প্রকাশনী যৌথভাবে এই বক্তৃতানুষ্ঠানের আয়োজন করে।

বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেকজান্ডার ইগনাতভ-এর নেতৃত্বে ৪-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৩ এপ্রিল ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে।

আমেরিকান ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ (এআইবিএস)-এর সিনিয়র ফেলো মিখাইল বোলার গত ৩ এপ্রিল ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করেছেন।

চীনের বিশিষ্ট দার্শনিক ও লেখক দেশ সুবা গত ২ এপ্রিল ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

২৯তম মোকাররম হোসেন খোন্দকার স্মারক বক্তৃতা

দেশের প্রখ্যাত বিজ্ঞানী এবং ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের প্রয়াত অধ্যাপক মোকাররম হোসেন খোন্দকার স্মরণে '২৯তম খোন্দকার স্মারক বক্তৃতা' গত ২৪ মার্চ ২০১৬ মোকাররম হোসেন খোন্দকার বিজ্ঞান ভবনে অনুষ্ঠিত হয়েছে। রসায়ন বিভাগ এই স্মারক বক্তৃতার আয়োজন করে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

রসায়ন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নীলুফার নাহারের সভাপতিত্বে "Synchrotron-induced X-ray absorption spectroscopy and fluorescence microscopy as leading edge tools for better understanding of the distribution of metals and arsenic in biotic and abiotic sample" শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড ইউনিভার্সিটির অধ্যাপক ড. ব্যারি এন. নোলার। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আব্দুল আজিজ এবং রসায়ন বিভাগের অধ্যাপক ড. আবদুস সালাম।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক রসায়ন বিভাগের প্রয়াত অধ্যাপক এবং প্রখ্যাত বিজ্ঞানী মোকাররম হোসেন খোন্দকারের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় তথা বাংলাদেশে রসায়ন শিক্ষার অগ্রগতি, উন্নয়ন ও সম্প্রসারণের পথিকৃত। তিনি ছিলেন একজন সৎ, নিষ্ঠাবান, দেশপ্রেমিক ও আদর্শ শিক্ষক এবং গবেষক। এদেশের বিজ্ঞান চর্চা ও গবেষণায় তিনি যে অসামান্য অবদান রেখে গেছেন, জাতি তা চিরদিন শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। বিজ্ঞানের ক্ষেত্রে তাঁর এই অসাধারণ অবদানের জন্য তাঁকে ১৯৭৭ সালে স্বাধীনতা পদক প্রদান করা হয় বলে উপাচার্য উল্লেখ করেন।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক যুগোপযোগী বিষয়ে সারগর্ভ ও তথ্য-উপাত্ত সমৃদ্ধ বক্তৃতা প্রদানের জন্য অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড ইউনিভার্সিটির অধ্যাপক ড. ব্যারি এন. নোলারকে আন্তরিক ধন্যবাদ জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটে BA in ESOL এবং BA in FFL ১ম বর্ষ অনার্স কোর্স-এর নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান গত ২৮ মার্চ ২০১৬ অনুষ্ঠিত হয়েছে। প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ইফফত আরা নাসরীন মজিদ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এতে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান বিশেষ অতিথি ছিলেন। ছবিতে অতিথিদের সাথে নবীন শিক্ষার্থীদের দেখা যাচ্ছে।

আন্তঃহল ভলিবল প্রতিযোগিতায় শামসুন নাহার হল ও বিজয় একাত্তর হল চ্যাম্পিয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃহল ভলিবল (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয় মেয়েদের হলের মধ্যে শামসুন নাহার হল ও ছেলেদের হলের মধ্যে বিজয় একাত্তর হল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। রানার আপ হয়েছে বাংলাদেশ কুয়েত মৈত্রী হল ও জগন্নাথ হল।

গত ৪ এপ্রিল ২০১৬ চূড়ান্ত খেলা শেষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (প্রশাসন) ও স্পোর্টস্ বোর্ডের সভাপতি অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন। ঢাকা বিশ্ববিদ্যালয় ভলিবল কমিটির সভাপতি অধ্যাপক ড. আবু মো: দেলোয়ার হোসেনের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রভোস্ট, হাউজ টিউটর এবং বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

গত ৪ এপ্রিল ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃহল ভলিবল (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতার চূড়ান্ত খেলা শেষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (প্রশাসন) ও স্পোর্টস্ বোর্ডের সভাপতি অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন। ছবিতে প্রো-উপাচার্যের সঙ্গে বিজয়ী দল ও রানার আপ দলের খেলোয়াড়দের দেখা যাচ্ছে।

আন্তঃহল ছাত্রী ক্রিকেট প্রতিযোগিতায় রোকেয়া হল চ্যাম্পিয়ন

গত ২৩ মার্চ ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃহল (ছাত্রী) ক্রিকেট প্রতিযোগিতা ২০১৫-১৬-এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত খেলায় রোকেয়া হল এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল অংশগ্রহণ করে। এতে রোকেয়া হল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। রানার-আপ হয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল।

ফাইনাল খেলা শেষে বিকেলে ক্রিকেট কমিটির সভাপতি অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্যের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রো-উপাচার্য (প্রশাসন) ও স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রভোস্ট, হাউজ টিউটর, সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন।

গত ২৩ মার্চ ২০১৬ ঢাবি আন্তঃহল (ছাত্রী) ক্রিকেট প্রতিযোগিতা ২০১৫-১৬-এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। এতে রোকেয়া হল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। রানার-আপ হয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল। খেলা শেষে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রো-উপাচার্য (প্রশাসন) ও স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। ছবিতে প্রধান অতিথির সাথে খেলায় অংশগ্রহণকারী বিজয়ী ও রানার-আপ দলের খেলোয়াড়দের দেখা যাচ্ছে।

জাপান স্টাডি সেন্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় জাপান স্টাডি সেন্টারের ১৩তম ব্যাচের (১ম বর্ষ সম্মান শ্রেণী) শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠান গত ২ এপ্রিল ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। জাপান স্টাডি সেন্টারের পরিচালক অধ্যাপক ড. আবুল বারকাতের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি ছিলেন জাপান ফাউন্ডেশনের ভিজিটিং অধ্যাপক ড. সাই কুরাসাওয়া এবং ঢাকাস্থ জাপান দূতাবাসের পাবলিক এ্যাফেয়ার্স এন্ড কালচার-এর প্রধান মিজ রুমি আরিওসি।

ঢাকা বিশ্ববিদ্যালয়স্থ নীলক্ষেত হাই স্কুলের বার্ষিক ক্রীড়া ও মেধা পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ৩১ মার্চ ২০১৬ বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। নীলক্ষেত হাই স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি অধ্যাপক ড. এ বি এম মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

বঙ্গবন্ধুর ৯৬তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

স্বাধীনতার মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৬তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদ আয়োজিত শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ৬ এপ্রিল ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন মৃৎশিল্প বিভাগের সহযোগী অধ্যাপক মো: রবিউল ইসলাম।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, শিশুদের সুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এখন থেকেই প্রস্তুতি নিতে হবে। তাদের মানসিক বিকাশ ঘটাতে ছবি আঁকার ব্যাপারে উৎসাহ দিতে হবে। নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর বর্ণাঢ্য কর্মময় জীবন ও বাংলাদেশের ইতিহাস সম্পর্কে শিক্ষা প্রদানের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, জাতির জনকের জীবনাদর্শের সঙ্গে শিশুদের সংযুক্ত করতে শিক্ষক ও অভিভাবকদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

উল্লেখ্য, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৬তম জন্মবার্ষিকী উপলক্ষে গত ১৭ মার্চ ২০১৬ বৃহস্পতিবার ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় এই শিশু চিত্রাঙ্কণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় মোট তিনটি গ্রুপে শতাধিক প্রতিযোগী অংশগ্রহণ করে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রত্যেক গ্রুপের সেরা ১০জন করে মোট ৩০জন প্রতিযোগীকে পুরস্কার প্রদান করা হয়।

কবি সুফিয়া কামাল হল ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ৪০ছাত্রী

ঢাকা বিশ্ববিদ্যালয় কবি সুফিয়া কামাল হলের ৪০জন ছাত্রীকে 'কবি সুফিয়া কামাল হল ট্রাস্ট ফান্ড বৃত্তি-২০১৬' প্রদান করা হয়েছে। এর মধ্যে ৬জনকে মেধাবৃত্তি, ৩০জনকে সাধারণ বৃত্তি এবং ৪জনকে সহপাঠ্যক্রম বৃত্তি প্রদান করা হয়। গত ২৭ মার্চ ২০১৬ কবি সুফিয়া কামাল হল মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক ও সনদপত্র তুলে দেন।

কবি সুফিয়া কামাল হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নীলুফার নাহারের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন উপস্থিত ছিলেন।

প্রাণিবিদ্যা বিভাগে ১০ লাখ টাকার অনুদান

বিভাগের অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক সৈয়দ মো: হুমায়ুন কবির ১০ লাখ টাকার অনুদান প্রদান করেছেন। গত ৩ এপ্রিল ২০১৬ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে অনুদানের এই চেক বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো: আনোয়ারুল ইসলামের কাছে হস্তান্তর করা হয়। এ সময় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকসহ প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রাণিবিদ্যা বিভাগের উন্নয়নে অনুদান প্রদান করায় অবসরপ্রাপ্ত অধ্যাপক সৈয়দ মো: হুমায়ুন কবিরকে ধন্যবাদ জানিয়ে বলেন, একজন শিক্ষকের সীমিত সঞ্চয় থেকে অনুদান প্রদান করার দৃষ্টান্ত বিরল। তাঁর এই দৃষ্টান্ত অনুসরণ করার জন্য উপাচার্য সকলের প্রতি আহ্বান জানান। এই অনুদান ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রমকে আরও গতিশীল ও সম্প্রসারিত করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

'লায়ন মো: জুনাব আলী ও ফারজানা জুনাব স্বর্ণপদক' প্রবর্তন

ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে 'লায়ন মো: জুনাব আলী ও ফারজানা জুনাব স্বর্ণপদক' প্রবর্তন করা হয়েছে। এই স্বর্ণপদক প্রবর্তনের লক্ষ্যে ইমরান গ্রুপের চেয়ারম্যান লায়ন মো: জুনাব আলী ১০ লাখ টাকার একটি চেক গত ২২ মার্চ ২০১৬ কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ মেজবাহ-উল-ইসলাম, কয়েকজন বিভাগীয় শিক্ষক, নিপ্পন গ্রুপের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার এবং দাতা পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের বিএ (সম্মান) ফাইনাল পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীকে 'লায়ন মো: জুনাব আলী ও ফারজানা জুনাব স্বর্ণপদক' প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক স্বর্ণপদক প্রবর্তনে আর্থিক অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। তিনি আশা প্রকাশ করেন, এই অনুদানের ফলে ছাত্র-ছাত্রীরা লেখাপড়ায় আরও উৎসাহিত ও মনোযোগী হবে। তিনি দেশের শিক্ষা ও গবেষণা উন্নয়নে এগিয়ে আসার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী তথা সমাজের বিত্তবানদের প্রতি আহ্বান জানান।

মোহাব্বত উল্লাহ, ডেভেলপমেন্ট লিংক বাংলাদেশ লিমিটেডের প্রধান নির্বাহী ড. আবুল হোসেন, ব্যাংক এশিয়া বোর্ড অডিট কমিটির চেয়ারম্যান মোহাম্মদ লকিয়ত উল্লাহ, উত্তরা ব্যাংক লিমিটেডের ডেপুটি জেনারেল ম্যানেজার কে এম ইসলাম টিটু, ইকো ফ্রেন্ডস্ এর সাধারণ সম্পাদক নোমান উল্লাহ বাহার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল ইউনিভার্সিটির উপ-প্রকল্প পরিচালক ডা. রেহেনা আকতার

উল্লেখ্য, লায়ন মো: জুনাব আলী ১৯৬৩ সালের ২৫ ফেব্রুয়ারি নোয়াখালীর সোনাইমুড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি প্রয়াত হাজী আব্দুর রব ও সাদিয়া বেগমের পুত্র। এছাড়া, লায়ন মো: জুনাব আলীর স্ত্রী লায়ন ফারজানা জুনাব ১৯৭২ সালের ১৫ নভেম্বর একই গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি মো: ফজলুল হক ও মালেকা আকতারের কন্যা।

মিসবাহউদ্দিন খান স্মৃতি বৃত্তি পেলেন ২ শিক্ষার্থী

পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের মেধাবী ছাত্র মো: হাবিবুল্লাহকে 'মিসবাহউদ্দিন খান বৃত্তি' এবং একই বিভাগের ছাত্রী শাহনাজ পারভীনকে 'জাহানারা খান বৃত্তি' প্রদান করা হয়েছে। মিসবাহউদ্দিন খান মেমোরিয়াল ট্রাস্ট ফান্ডের উদ্যোগে এই বৃত্তি প্রদান করা হয়। গত ৫ এপ্রিল ২০১৬ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। উল্লেখ্য, পিতা-মাতার স্মৃতি রক্ষার্থে ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মুনতাসীর উদ্দিন খান মামুন এই বৃত্তি প্রবর্তন করেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, ইতিহাস বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. সোনিয়া নিশাত আমিন এবং অধ্যাপক ড. মুনতাসীর উদ্দিন খান মামুন বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের কল্যাণে বৃত্তি প্রবর্তন করায় দাতাকে ধন্যবাদ জানান। তিনি আশা প্রকাশ করেন এর মাধ্যমে শিক্ষার্থীরা উপকৃত হবে। তিনি বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ধন্যবাদ জানান।

অধ্যাপক নাজমা বেগম ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ৩ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের ৩ জন মেধাবী শিক্ষার্থী অধ্যাপক নাজমা বেগম ট্রাস্ট ফান্ড বৃত্তি লাভ করেছেন। গত ৫ এপ্রিল ২০১৬ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে অর্থনীতি বিভাগের চেয়ারপার্সন এবং ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক ড. নাজমা বেগম বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। এসময় ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য মেধাবী শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা হলেন- এ বি এম কাউসার জামান (এস এম ওয়াজিদ বৃত্তি), কাজী সালসাবিল ঐশি (মোমেনা বেগম বৃত্তি) এবং রিফাত আলম নিধি (আবুল হাসনাত মাহমুদ বৃত্তি)। উল্লেখ্য, পিতা-মাতা ও শ্বশুরের স্মৃতি রক্ষার্থে ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নাজমা বেগম এই বৃত্তি প্রবর্তন করেন।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার ও মোঃ জাকির হোসেন। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫